গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৪/০৩/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১০ম সভার কার্যবিবরণী :

সভাপতি	:	মোঃ এরশাদ উর-রশীদ পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
স্থান	:	পরিচালকের অফিস কক্ষ।
তারিখ ও সময়	:	২৪ মার্চ ২০১৬ ; সকাল ১১.০০ ঘটিকায়।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় আমন্ত্রিত ০২ জন অতিথি জামালপুর জেলার উপপরিচালক (চঃ দাঃ) জনাব ফারজানা পারভীন এবং গাজীপুর জেলার উপপরিচালক (চঃ দাঃ) জনাব এস এম এমদাদুল হক কে বিশেষভাবে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে জনাব মোঃ আব্দুর রেজ্জাক, সদস্য সচিব, ইনোভেশন টিম বিগত সভার (৯ম সভার) কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ৬টি সুপারিশ গৃহীত হয়েছিল। গৃহীত সুপারিশ পর্যালোচনা পর্যায়ে জানানো হয় যে, যারা মেন্টর হিসাবে নিয়োজিত রয়েছেন তৎমধ্যে সদস্য সচিব জনাব মোঃ আব্দুর রেজ্জাক তার আওতাভূক্ত সবকটি উপজেলার ইনোভেটরের সাথে যোগাযোগ করেছেন এর মধ্যে মেলান্দহে বেকারমুক্ত গ্রামসৃজনের লক্ষ্যে গ্রামে জরিপের কাজ সম্পন্ন হয়েছে এবং আটাবাড়ী গ্রামে বেকারের এর সংখ্যা ৭৭ জন চিহ্নিত হয়েছে। তৎমধ্যে ১৭ জন গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষণ নিতে আগ্রহী। সভাপতি সভাকে জানান যে, আগ্রহীদের গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রের সাথে যোগাযোগ করা হবে। উপপরিচালক (চঃ দাঃ) জনাব ফরহাত নুর সভাকে জানান যে, তিনি তাঁর আওতাভূক্ত সবকটি উপজেলার ইনোভেটরদের সাথে যোগাযোগ করেছেন। সভাপতি সভাকে জানান যে, তিনি তাঁর আওতাভূক্ত উপজেলার মধ্যে শুধুমাত্র রূপসা উপজেলার ইনোভেটরের সাথে কথা বলেছেন এবং তাকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেছেন। সহকারী পরিচালক(আইসিটি) জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাকে জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল অনুষ্ঠানের তথ্যচিত্র সোসাল মিডিয়ায় নিয়মিত প্রচার করা হচ্ছে। উপপরিচালক(প্রশিক্ষণ) জনাব মাসুদা আকন্দ সভাকে জানান যে, এস আই এফ ফান্ড প্রাপ্তির ব্যাপারে এটুআই এর সাথে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রয়েছে। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভার সুপারিশ মাফিক ইনোভেশন আইডিয়া সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট পত্র দেয়া হয়েছে। সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী ইতোমধ্যে (১) যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের ক্লাশ রুমে Smart Board স্থাপন (২) যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ইনোভেটিভ আইডিয়াসহ অন্য সকল পরামর্শ গ্রহণের লক্ষ্যে একটি “পরামর্শ বাক্স” স্থাপন (৩) ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড রিপোর্ট প্রণয়ন ও অনলাইনে প্রেরণ (৪) মোবাইল ব্যাংকের মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় মোট ৪টি ইনোভেটিভ আইডিয়া পাঠানো হয়েছে।

আমন্ত্রিত ২জন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তর ও এটুআই এর যৌথ উদ্যোগে জামালপুর ও গাজীপুর জেলায় বেকার যুবদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ সহজীকরণ এর পাইলটিং কার্যক্রম চলমান রয়েছে। দুই দিন ব্যাপী অবহিতকরণ সভা অনুষ্ঠানের মাধ্যমে গাজীপুর জেলায় ৩ জুন, ২০১৫ তারিখে এবং জামালপুর জেলায় ২ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে কার্যক্রম শুরু হয়। এ প্রোগ্রাম চালুর ফলে প্রশিক্ষণে যে সকল পরিবর্তন হয়েছে তা হলোঃ

(১) পূর্বে ছবি দিতে হতো বর্তমানে জাতীয় পরিচয় পত্রের কপি দিতে হয়।

(২) পূর্বে বেকারত্ব সনদ দিতে হতো বর্তমানে তার প্রয়োজন নেই।

(৩) ১ম বার অকৃতকার্য প্রার্থীকে ২য় বার ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হয়।

(৪) ভর্তি বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের ওয়েব পোর্টাল, উপজেলার ওয়েব পোর্টাল ও ইউনিয়ন তথ্য কেন্দ্রে দেয়া হয়।

(৫) প্রয়োজনীয় কাগজপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বা প্রার্থী নিজে সত্যায়িত করতে পারেন।

(৬) ভর্তি পরীক্ষার ফলাফল জেলা কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা প্রশাসকের ওয়েব পোর্টালের মাধ্যমে অবহিত করা হয়।

(৭) সনদপত্র বিতরণের জন্য পরীক্ষার টেবুলেশন সীট প্রশিক্ষকসহ জেলার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরসহ প্রধান কার্যালয়ে মহাপরিচালকের অনুমোদনের জন্য প্রশিক্ষণ সমাপ্তির ৭ দিন পূর্বে ই-মেইলে পাঠাতে হয়। উক্ত টেবুলেশন সীট মহাপরিচালকের অনুমোদনের পর অতিদ্রুত ই-মেইল যোগে সংশ্লিষ্ট জেলায় পাঠনো হয়। এর উপর ভিত্তি করে জেলা কার্যালয় কর্তৃক সনদ তৈরী করে উপপরিচালক এবং সংশ্লিষ্ট প্রশিক্ষকের স্বাক্ষর হয়ে প্রশিক্ষণ সমাপ্তির দিন তা বিতরণ করা হয়।

(৮) এ প্রোগ্রামের আওতায় জামালপুর জেলায় সনদপত্র পেয়েছে ২৩৫ জন এবং গাজীপুর জেলায় ৪২৫ জন।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়।

সুপারিশ :

০১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যের জন্য নির্ধারিত ইনোভেটরের মেন্টর হিসেবে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন অব্যাহত রাখা এবং ন্যূনপক্ষে ১ জন ইনোভেটরের কাজে মেন্টরশীপ ধারাবাহিক ভাবে (শুরু হতে শেষ পর্যন্ত) প্রদান অব্যাহত রাখা;

০২। ইনোভেশন আইডিয়া সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে যে পত্র দেয়া হয়েছে তার অগ্রগতি প্রত্যক্ষ করা;

০৩। প্রতিমাসে দুইটি আইডিয়া মন্ত্রণালয়ে পাঠানো ;

০৪। এস আই এফ ফান্ড প্রাপ্তির ব্যাপারে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখা ;

০৫। চলতি বছরের জন্য গৃহীত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সময়োপযোগী উদ্যোগ গ্রহণ ;

০৬। সোসাল মিডিয়ার প্রচার কার্যক্রম প্রতিমাসের সভায় উপস্থাপন ;

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১১.০৪.১৬

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫—১৮০ তারিখঃ১৮/০৪/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্ত, জামালপুর/গাজীপুর জেলা।
০ । জনাব--- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০ । সংশ্লিষ্ট নথি।

১১/০৪/২০১৬

(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপরিচালক(প্রোগ্রামার)
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৪৯৭৭
e-mail: razzaque1966@gmail.com

পরিশিষ্ট "ক"

২৩/০২/২০১৬ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপপরিচালক(প্রোগ্রামার)	অস্পষ্ট
২	জনাব মাসুদা আকন্দ উপপরিচালক (প্রশিক্ষণ)	অস্পষ্ট
৩	জনাব ফরহাত নূর উপপরিচালক(চঃদাঃ)(বাস্তাবায়ন)	অস্পষ্ট
৪	জনাব এস এম ইমদাদুল হক উপপরিচালক (চঃদাঃ), গাজীপুর	অস্পষ্ট
৫	জনাব ফারজানা পারভীন উপপরিচালক (চঃদাঃ), জামালপুর	অস্পষ্ট
৬	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক(আইসিটি)	অস্পষ্ট